# ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়া চলবে নিজস্ব গতিতেই: চিফ প্রসিকিউটর



চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম। ছবি: সংগৃহীত

জুলাই হত্যাকাণ্ডের বিচার কার্যক্রম নিয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম জানিয়েছেন, নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী বিচার অব্যাহত থাকবে। এ বিষয়ে বর্তমান বিএনপি সরকারের পক্ষ থেকেও প্রয়োজনীয় সম্মতি রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) সাক্ষ্যগ্রহণ শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ মন্তব্য করেন।

এদিন জুলাই হত্যাকাণ্ড মামলায় অভিযুক্ত সাবেক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সাতজনের বিরুদ্ধে সাক্ষ্য দেন মিরপুরের শহীদ ফজলে রাব্বি ও শহীদ তানহার বাবা। তারা আদালতে তাঁদের সন্তানের নিহত হওয়ার হৃদয়বিদারক বিবরণ তুলে ধরেন।

সাক্ষ্যগ্রহণ অনুষ্ঠিত হয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২–এর বিচারিক প্যানেলে। একই দিনে ট্রাইব্যুনাল-১ র‍্যাবের টিএফআই সেলে গুম ও নির্যাতনের মামলার সাক্ষ্যগ্রহণ পিছিয়ে ২৫ ফেব্রুয়ারি ধার্য করেন। এছাড়া গাজীপুরে গুম করে হত্যার একটি মামলার পরবর্তী সাক্ষ্যগ্রহণের তারিখ নির্ধারণ করা হয়েছে ২ মার্চ।

LENS ASIA